দৈনিক সংবাদ

তারিখ 02 NOV 1991 ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি আজ থেকে শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সন্ত্রাস দমনে সরকার কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করায় আজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষকদের অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু হচ্ছে। কর্মবিরতির আওতায় শুধু পরীক্ষা ও ক্লাস পড়বে।

গতকাল সন্ধ্যায় শিক্ষক সমিতির এক জরুরী সভায় কর্মবিরতি অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়।